

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-২৬০৯

আগরতলা, ১ ফেব্রুয়ারি, ২০২৫

প্রকাশিত সংবাদের স্পষ্টিকরণ

"কাঞ্চনপুর হাসপাতালে অচলাবস্থা অ্যাম্বুলেন্সে প্রসূতি মায়ের সন্তান প্রসব" এই শিরোনামে গত ২৯ জানুয়ারি, ২০২৫ দৈনিক সংবাদ পত্রিকায় প্রকাশিত সংবাদটি স্বাস্থ্য ও পরিবার কল্যাণ দপ্তরের নজরে এসেছে। দপ্তরের পক্ষ থেকে প্রকাশিত সংবাদের স্পষ্টিকরণ দিয়ে জানানো যাচ্ছে যে, গত ২৮ জানুয়ারি, ২০২৫ সকাল ছয়টা নাগাদ কাঞ্চনপুর মহকুমা হাসপাতাল থেকে প্রায় ৭ কিলোমিটার দূরবর্তী চন্ডিপুর গ্রামের আশাকর্মা জেনজেন রিয়াং থেকে কাঞ্চনপুর মহকুমা হাসপাতালের ১০২ অ্যাম্বুলেন্সের চালক হিমাংশু নাথের কাছে একটি ফোন কল আসে। আশাকর্মীর ফোন কল পাওয়ার পর তিনি গোবিন্দপুর গ্রামে অ্যাম্বুলেন্স নিয়ে হাজির হন। সেখানে ধনাবতী রিয়াং নামে (৩৬ বছর) থার্ড গ্র্যাভিডা উইথ টার্ম প্রেগনেসিতে থাকা গর্ভবতী মাকে কাঞ্চনপুর মহকুমা হাসপাতালে নিয়ে আসার উদ্দেশ্যে ১০২ অ্যাম্বুলেন্সে তুলেন। হাসপাতালে আসার পথে হঠাৎ ঐ গর্ভবতী মহিলার প্রচন্ড প্রসব ব্যথা হয়। এই অবস্থায় পরিস্থিতির গুরুত্ব বিবেচনা করে ১০২ অ্যাম্বুলেন্সের ইমারজেন্সি মেডিকেল টেকনিশিয়ান দেবু দেবনাথের সহায়তায় অ্যাম্বুলেন্সেই ঐ গর্ভবতী মহিলার এক কন্যা সন্তানের জন্ম হয়। তাদের কাঞ্চনপুর মহকুমা হাসপাতালে ভর্তি করা হয়। সেখান থেকে সুস্থ অবস্থায় গতকাল ছাড়া পান। মা এবং শিশু উভয়েই সুস্থ রয়েছেন।
